

শালবনির প্রকল্প বাতিল, ২,৫০০ একর জমি ফেরাতে চান জিন্দালরা রাজি নয় সরকার, শিল্পতালুক গড়তে চাপ

অজুর সেনগুপ্ত

কলকাতা, ১৯ জুলাই: শালবনিতে ইস্পাত ও তাপবিদ্যুৎ প্রকল্প না হওয়ার কারণে এখন হাতে ধাকা প্রায় আড়াই হাজার একর উদ্বৃত্ত জমি রাজ্যকে ফিরিয়ে দিতে চাইছে সম্ভ্রম জিন্দালের সংস্থা জেএসডব্লিউ গোষ্ঠী। যদিও, রাজ্য সরকার এই জমি ফেরত নিতে অস্বীকার করেছে বলেই নবাম সূত্রে খবর। পাশাপাশি, জিন্দালরা স্পষ্টই জানিয়ে দিয়েছে, সব জমিদারদের তাঁরা কর্মসংস্থানের সুযোগ দিতে পারবেন না। প্রায় নেড়শো জন জমিদার। যে চাকরি পাবেন না, সেকথাও তাঁর জানিয়েছে। আর এই

নিয়েই ফের রাজ্যের শিল্পায় প্রক্রিয়ায় জট পাকাতো শুরু করেছে।

বুধবা কলকাতায় এসে জিন্দাল গোষ্ঠীর শীর্ষকর্তা তথা

সম্ভ্রম জিন্দালের পুত্র পার্থ জিন্দাল স্পষ্টই বলেন, 'আমরা মোট সাড়ে চার হাজার একর জমি অধিগ্রহণ করেছিলাম ইস্পাত ও বিদ্যুৎ প্রকল্পের জন্য। কিন্তু সেই প্রকল্প



বাতিল হয়ে সেখানে সিমেন্ট, রং ও কৃষি সংক্রান্ত কারখানা তৈরি করা হবে। এর ফলে আমাদের সর্বাধিক দু'হাজার একর জমি লাগবে।

আর বাকি প্রায় আড়াই হাজার একর জমির কোনও প্রয়োজন নেই। সেই জমি ফেরতের জন্য আমরা সরকারের সঙ্গে কথাবার্তা চালাচ্ছি।' তবে সরকারের পক্ষ থেকে যে

ইতিবাচক সাড়া মেলেনি, তা স্পষ্টই জানান তিনি।

বরং সরকার জিন্দালদের জমি ফেরত না নিয়ে, সেখানে একটি শিল্পতালুক কিংবা অনুসারী শিল্প স্থাপন করার জন্য জিন্দালদের অনুরোধ করেছে। তবে সেই বিষয়ে জিন্দালরাও যে খুব একটা উৎসাহী, তা মনে হল না পার্থ জিন্দালের হাবভাবে। যদিও, শিল্প দফতরের সঙ্গে যোগাযোগ করা হলে নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্তা জানান, জিন্দালদের কাছ থেকে এই আবেদন কিছুদিন আগেই এসেছে। কিন্তু সরকার এই জমি

➤ এরপর নয়ের পাতায়